# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১১৮১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. সশব্দে ‘বিসমিল্লাহির রহমানির রাহীম' পড়া সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ ذِكْرِ اخْتِلَافِ الرِّوَايَةِ فِي الْجَهْرِ بِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

---

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الْبَزَّازُ ، ثَنَا الْعَبَّاسُ بْنُ يَزِيدَ ، ثَنَا غَسَّانُ بْنُ مُضَرَ ، ثَنَا أَبُو مَسْلَمَةَ ـ هُوَ سَعِيدُ بْنُ يَزِيدَ الْأَزْدِيُّ ـ قَالَ : سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ : أَكَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَسْتَفْتِحُ بِ ( الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ) ، أَوْ : بِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) ؟ فَقَالَ : " إِنَّكَ تَسْأَلُنِي عَنْ شَيْءٍ مَا أَحْفَظُهُ ، وَمَا سَأَلَنِي عَنْهُ أَحَدٌ قَبْلَكَ ! " . قُلْتُ : أَكَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُصَلِّي فِي النَّعْلَيْنِ ؟ قَالَ : " نَعَمْ " . هَذَا إِسْنَادٌ صَحِيحٌ

বাংলা

১১৮১(১০). আবু বাকর ইয়াকূব ইবনে ইবরাহীম আল-বায্যায (রহঃ) ... আবু মাসলামা সাঈদ ইবনে ইয়াযীদ আল-আযদী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস ইবনে মালেক (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি 'আলহামদু লিল্লাহি রব্বিল আলামীন’ দ্বারা নামায শুরু করতেন নাকি ’বিসমিল্লাহির রহমানির রাহীম’ দ্বারা? তিনি বলেন, তুমি আমার নিকট এমন বিষয়ে জিজ্ঞেস করেছো যা আমি সংরক্ষণ করিনি এবং তোমার পূর্বে কেউ আমার নিকট তা জিজ্ঞেসও করেনি। আমি বললাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি জুতা পরিধান করে নামায পড়েছেন? তিনি বলেন, হাঁ। এই সনদসূত্র সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ মাসলামাহ সা’ঈদ ইবনু ইয়াযীদ আল-আযদী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80970

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন